

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৭১(আগরতলা ৫।১)
পানিসাগর, ৫ জানুয়ারি, ২০২৪

প্রতি ঘরে সুশাসন অভিযান ২.০
পানিসাগরে বিকাশ শিবির

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে গত ৩ জানুয়ারি পানিসাগর নগর পঞ্চায়েত ভিত্তিক বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। পানিসাগর নগর পঞ্চায়েত কার্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত এই শিবিরের উদ্বোধন করেন বিধায়ক বিনয় ভূষণ দাস। শিবিরের উদ্বোধন করে বিধায়ক বিনয় ভূষণ দাস বলেন, বিভিন্ন প্রকল্প ও পরিষেবার সুবিধা প্রকৃত সুবিধাভোগীদের কাছে পৌঁছে দিতে বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানের সূচনা হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন পানিসাগর নগর পঞ্চায়েতের কার্যনির্বাহী আধিকারিক সুভাষ আচার্য। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পানিসাগর নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারপার্সন ধনঞ্জয় দেবনাথ, উত্তর ত্রিপুরা জেলার অতিরিক্ত জেলাশাসক ও সমাহর্তা বিপ্লব দাস, নগর পঞ্চায়েতের উপকার্যনির্বাহী আধিকারিক প্রদীপ কুমার সরকার প্রমুখ। সভাপতিত্ব করেন নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন অনুরাধা দাস। শিবিরে বিভিন্ন দপ্তর থেকে প্রদর্শনী স্টল খোলা হয়। এই স্টলগুলি থেকে নগর পঞ্চায়েত এলাকার নাগরিকদের বিভিন্ন প্রকল্প ও পরিষেবার সুবিধা প্রদান করা হয়।
